

স্মৃতি শম্পা নাসরীন

চোঁখ বুজলেই ভেসে ওঠে পদ্মা পাড়ের শুভ্র কাশবন
 তারুণ্যে উদ্দীপ্ত সেই নির্মল যৌবন,
 আমিরুদ্দিন গ্যালারীতে সুব্রত, মঈন, অপু কিংবা সমীরণ
 তোমাদের সাথে ধানশুটি খেলা
 সংস্কৃতি সপ্তাহের অবিরাম বাস্তবতার বেলা
 রাত জেগে চা পান আর আইটেম পড়া চলা।
 সবই শুধু ধূসর বিস্মৃতির অতলাস্তে
 তলানো হঠাৎ আলোর ঝলকানি এখন।
 পাওয়া না পাওয়ার অজস্র অমিলে ভরা এ জীবন
 কেবলই খুঁজে ফেরে শ্রান্ত দুপুরের
 আলস্যে ভরা ছোট্ট একটু ক্ষণ।
 দ্রুততম এ দেশের অধিবাসি হওয়া
 হয়তো বা ভাগ্যের
 হয়তোবা সোনার হরিণ পাবার মেটায় প্রয়োজন।
 তবুও প্রতিনিয়ত কেন এই হাত দুটি ছুঁতে চায়
 সেই পদ্মার পাড়, মেডিকেলের চত্বর -
 কিংবা নাটকের রিহার্সেলে মুকুল ভাইয়ের
 অকারণ ধমকের প্রহর।
 মিলি, পারুল, মানসী, কত অজস্র নাম -
 তোমরা ভুলে গেছ আমাদের
 তোমাদের আছে স্বদেশের অসংখ্য ব্যস্ততার
 আনন্দ ভূবন।
 আমাদের কাছে তোমাদের ছুট স্মৃতিটুকুও
 অনেক আপন।
 আমরা প্রবাসী যারা বড়ই হতভাগ্য
 না এ দেশ না স্বদেশ
 সবদেশে পরবাসী হয়ে
 কেবলই খুঁজে ফিরি স্মৃতির আবাস ॥